



## পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

ফোনঃ অফিস : ০২৫৮৮৮৮৮১৮৮

ISO 9001:2015 CERTIFIED

E-Mail: gmppbs2@gmail.com, Web Site: www.pbs2.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০২.০০৮.২৩. ৪২৬৮

তারিখঃ ২৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ।  
০৯ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ।

### বিষয়ঃ আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর মামলা মোকদ্দমা পরিচালনা, আইনগত পরামর্শ ও সহায়তা গ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিক ০১ (এক) জন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ


#### শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। যারা জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজ কোর্টে কমপক্ষে ০৮ (আট) বৎসর যাবৎ আইন ব্যবসায় (শুধুমাত্র পাবনা জেলায়) নিয়োজিত আছেন এবং অবসর প্রাপ্ত জুডিশিয়াল জজ যারা আইন ব্যবসায় জেলা পর্যায়ে (শুধুমাত্র পাবনা জেলা) এবং অত্র পবিসের আওতাধীন উপজেলা সমূহে (পাবনা সদর, সাঁথিয়া, বেড়া, সুজানগর উপজেলা) নিয়োজিত আছেন কেবল তারাই আবেদন করতে পারবেন।
- ০৩। বার কাউন্সিলের এনরোলমেন্ট সার্টিফিকেট, Degree in Law ও অন্যান্য সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৪। আইন উপদেষ্টা হিসেবে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন যেকোন পক্ষ ইচ্ছা করলে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।
- ০৫। অত্র পবিসের আইনজীবী হিসেবে নিযুক্তির পর চুক্তিকালীন অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত হতে পারবেন না বা বর্তমানে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তিনি আবেদন করতে পারবেন না।
- ০৬। রিটেইনার ফি প্রতিমাসে ৫,০০০/- টাকাসহ মামলা পরিচালনার জন্য পবিস নির্দেশিকা ৩০০-৫০ অনুযায়ী প্রযোজ্যমতে নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।
- ০৭। নিম্নবর্ণিত তথ্যাদিসহ প্রার্থীগণকে আবেদন করতে হবে।
  - (ক) (১) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে):
  - (২) পিতার নাম :
  - (৩) মাতার নাম:
  - (৪) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে):
  - (৫) জন্ম তারিখ:
  - (৬) শিক্ষাগত যোগ্যতা:
- (খ) বর্তমান ঠিকানা:
- (গ) স্থায়ী ঠিকানা:
- (ঘ) আইনজীবী হিসাবে বার কাউন্সিলে এনরোলমেন্ট এর তারিখ:
- (ঙ) আইন পেশায় নিয়োজিত কাল:
  - (১) সহকারী জজ/উপজেলা কোর্ট:
  - (২) জজ কোর্ট:
  - (৩) হাইকোর্ট ডিভিশন/সুপ্রীম কোর্ট এর এ্যাপিলেট ডিভিশন:
- (চ) আইন উপদেষ্টা হিসেবে পূর্ব অভিজ্ঞতা:
- (ছ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত অথবা অন্যান্য প্রতিষ্ঠানে বর্তমানে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তার বিস্তারিত বিবরণ:

চলমান পাতা

০৮। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ের উত্তর হলে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উল্লিখিত যোগ্যতাসম্পন্ন ও শর্ত প্রতিপালনে ইচ্ছুক আইনজীবীগণকে আগামী ০৮/১০/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি বা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর বরাবর অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচনা করা হবে না।

  
(মোঃ মজিবুল হক)  
জেনারেল ম্যানেজার।


**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের জন্য অনুরোধ করা হল):**

**আন্তঃ বিভাগীয়:**

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ)/মানব সম্পদ/লিগ্যাল এ্যাফেয়ার্স পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৬। ডিজিএম, সুজানগর/কারিগরী/বেড়া/আতাইকুলা জোনাল অফিস, পাবনা পবিস-২।
- ০৭। এজিএম (ওএন্ডএম/এমএস/প্রশাসন/ইএন্ডসি/অর্থ), সাঁথিয়া/বাঁধেরহাট/শ্রীপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-২।
- ০৮। এজিএম (আইটি), পাবনা পবিস-২ (ওয়েবসাইটে আপলোড করবেন)।
- ০৯। নোটিশ বোর্ড, পাবনা পবিস-২।
- ১০। অফিস কপি/মাস্টার কপি।

**বহিঃ বিভাগীয়:**

- ০১। বিজ্ঞ জেলা ও দায়রা জজ, পাবনা।
- ০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, পাবনা।
- ০৩। সভাপতি, পাবনা জেলা বার কাউন্সিল।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর/সাঁথিয়া/বেড়া/সুজানগর উপজেলা, পাবনা।

  
(মোঃ মজিবুল হক)  
জেনারেল ম্যানেজার।

